

# ১ লাখ শিক্ষক নিয়োগের নির্ভুল আবেদনে যা করণীয়

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

১৮তম শিক্ষক নিবন্ধনে চূড়ান্তভাবে উত্তীর্ণদের অনলাইনে আবেদন চলছে। গত ২২ জুন থেকে শুরু হওয়া আবেদন প্রক্রিয়া শেষ হবে আগামী ১০ জুলাই রাত ১২টায়। সেই হিসেবে আর মাত্র চার দিন সময় পাচ্ছেন চাকরিপ্রত্যাশীরা। আবেদনের প্রক্রিয়ার ওপর প্রতিষ্ঠান পাওয়া এবং চাকরি পাওয়ার বিষয়টি নির্ভর করায় এই চাকরির আবেদন নির্ভুল হওয়া জরুরি।

একজন উত্তীর্ণ প্রার্থী যেহেতু ৪০টি শিক্ষাপ্রতিষ্ঠান চয়েস দিতে পারবেন, সে ক্ষেত্রে প্রতিষ্ঠান সম্পর্কে জানা জরুরি।

**কোন সময় আবেদন করা ভালো :**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) নির্ধারিত একটি ওয়েবসাইটে আবেদন প্রক্রিয়া চলছে। তাই নির্ধারিত ওয়েবসাইটে প্রচুর চাপ তৈরি হচ্ছে। একই সঙ্গে একাধিক প্রার্থী আবেদন করায় অনেক সময় সব কিছু তথ্য দেওয়ার পরেও সাবমিট অংশ গিয়ে জটিলতা তৈরি হচ্ছে।

বিশেষ করে সকাল ১০টা থেকে সন্ধ্যার আগ পর্যন্ত এই জটিলতা তৈরি হচ্ছে। তাই সুযোগ থাকলে ভোর কিংবা রাত ৯টা থেকে ১০টার পর আবেদন করা ভালো। এ সময় সাবমিট জটিলতা থাকে না এবং খুব সহজেই আবেদন করা যাচ্ছে।

**আবেদন সাবমিট করার আগে যা জানা জরুরি :**

মোট আটটি ধাপে আবেদন করতে হবে।

যার প্রত্যেকটি স্টেপ খুবই গুরুত্বপূর্ণ। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে প্রতিষ্ঠান চয়েস। যেহেতু ৪০টি প্রতিষ্ঠান চয়েস দিতে হবে, সে ক্ষেত্রে আগে থেকেই প্রতিষ্ঠানগুলো সম্পর্কে জেনে রাখতে হবে। তাহলে

আবেদনের করার সময় জটিলতা তৈরি হবে না। ওয়েবসাইটে প্রতিষ্ঠান ১ থেকে ৪০ পর্যন্ত পর্যায়ক্রমে দেওয়ার পরেও এলোমেলো হয়ে যাচ্ছে।

এ জন্য প্রতিষ্ঠান চয়েস দেওয়ার পর তা আবার সমন্বয় করতে হবে। নয়তো ভুল চয়েস হয়ে যাবে। এ ছাড়া পুলিশ ভেরিফিকেশন অংশে বর্তমান ঠিকানা খুব যত্ন সহকারে দিতে হবে। নয়তো চাকরি হওয়ার ক্ষেত্রে জটিলতা তৈরি হতে পারে।

উল্লেখ্য, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) অধীন এমপিওভুক্ত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদরাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষাপ্রতিষ্ঠানে এক লাখ ৮২২ জন শিক্ষক নিয়োগের আবেদন চলছে। গত ২২ জুন থেকে শুরু হওয়া আবেদন প্রক্রিয়া শেষ হবে আগামী ১০ জুলাই রাত ১২টায়। আর টাকা জমা দেওয়া যাবে আগামী ১৩ জুলাই পর্যন্ত। আবেদনকারীর বয়স ৪ জুন তারিখে সর্বোচ্চ ৩৫ বছর।